গুরুত্বপূর্ণ: রাস্তার নাম পরিবর্তন নিয়ে মতামত যাচাইমূলক আলোচনা

15 জানুয়ারি 2021

ব্ল্যাক বয় লেইনের (Black Boy Lane) নাম পরিবর্তন করে লা রোজ লেইন করণ

আপনার রাস্তার নাম পরিবর্তনের প্রস্তাব সম্পর্কে আমি আপনাকে চিঠি লিখছি। মতামত যাচাইমূলক আমাদের আগের কনসালটেশন (সলা-পরামর্শ) – যেটির মাধ্যমে জানতে চাওয়া হয়েছিলো বাসিন্দারা 'লা রোজ লেইন' নাকি 'জোসেলিন ব্যারো লেইন' (Jocelyn Barrow Lane) নামটি পছন্দ করছেন – দেখাচ্ছে যে **বাসিন্দারা 'লা রোজ লেইন' নামটি পছন্দ করেছেন।**

আমরা এখন মতামত যাচাইমূলক আলোচনার পরবর্তী পর্যায়ে যাচ্ছি এই বিষয়ে যে রাস্তার নাম ব্ল্যাক বয় লেইন হিসেবে থাকবে, নাকি পরিবর্তন করে 'লা রোজ লেইন' করা হবে।

হ্যারিঙে-তে (Haringey) অবস্থিত স্মৃতিস্তম্ভ, ভবন, স্থান এবং রাস্তার নামগুলোর ব্যাপারে আমাদের ব্যাপক পর্যালোচনার অংশ হিসেবে এই কনসালটেশনটি হাতে নেয়া হয়েছে। এটি একটি গুরুত্বপূর্ণ কাজ যার মাধ্যমে আমাদের বারার সংস্কৃতি এবং বৈচিত্র্য উদযাপনের বিভিন্ন সৃজনশীল উপায়গুলো খুঁজে দেখবো যেগুলোর ব্যাপারে আমরা ভীষণ গর্বিত। আমরা জানি যে বেশ কিছু ধারণা এবং উপায় আছে যেভাবে আমরা এটা করতে পারি, এবং জন লা রোজ (John La Rose) – হ্যারিঙের একজন প্রাক্তন বাসিন্দা, প্রকাশক, প্রবন্ধকার এবং কবি – স্মরণ করার লক্ষ্যে, ব্ল্যাক বয় লেইনের নাম পরিবর্তন করে লা রোজ লেইন করার সুনির্দিষ্ট এই প্রস্তাবনার ব্যাপারে আপনার চিন্তা এবং মতামত শোনার একটি সুযোগ হচ্ছে এই কনসালটেশন।

এই কনসালটেশন **15 জানুয়ারি 2021 থেকে 20 ফেব্রুয়ারি 2021 পর্যন্ত** চালু থাকবে। এই সময়ের মধ্যে, আপনি www.haringey.gov.uk/renaming-black-boy-lane অনলাইন জরিপ সম্পন্ন করতে পারবেন, প্রস্তাবিত আদেশটি সম্পর্কে আপনার আপত্তি অথবা সমর্থন উল্লেখ করে কাউন্সিল কনসালটেশন কো-অর্ডিনেটরের (সলা-পরামর্শ সমন্বয়কারী) কাছে The Communications Team, Haringey Council, River Park House, 225 High Road, Wood Green, London, N22 8HQ ঠিকানায় চিঠি লিখতে পারবেন অথবা bblconsultation@haringey.gov.uk ঠিকানায় কাউন্সিলের কাছে ইমেইল করতে পারেন।

একটি রাস্তার নাম পরিবর্তন করা হবে কিনা সে সম্পর্কে আলোচনার মাধ্যমে মতামত যাচাই (কনসালটেশন) হচ্ছে একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া। আর তাই ব্ল্যাক বয় লেইনের নাম পরিবর্তন করে লা রোজ লেইন রাখা বিষয়ক একটি আদেশ জারি করার ‘আমাদের ইচ্ছার প্রজ্ঞাপন’ প্রকাশ করা এবং পুনঃনামকরণের বিষয়টি এগিয়ে যাওয়া উচিত কি না সে বিষয়ে আপনার মতামতের উপর আপনার সাথে আলোচনা করা এই ধাপের অন্তর্ভুক্ত। কনসালটেশনের ফলাফলগুলো এই পরিবর্তনটি নিয়ে অগ্রসর

হওয়া উচিত কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অংশ হবে। আমাদের আমাদের ইচ্ছার প্রজ্ঞাপনের একটি কপি এই চিঠির সাথে সংযুক্ত করা হয়েছে। এটি লন্ডন বিল্ডিংস অ্যাক্ট (সংশোধনী) আইন 1939 এর দ্বিতীয় খণ্ডের 6 নং অনুচ্ছেদের অধীনে একটি সংবিধিবদ্ধ আবশ্যকীয়তা।

আজ পর্যন্ত কনসালটেশন প্রক্রিয়া জুড়ে আমরা আপনার মতামতগুলো বিবেচনা করেছি এবং লক্ষ্য করেছি যে আপনাদের মধ্যে কারো কারো হয়তো এখনো উদ্বেগ থাকতে পারে। আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের সকল বাসিন্দাদের মতামত শুনতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই মতামত যাচাইমূলক এই কনসালটেশনের সাড়া দিতে আমরা আপনাকে উৎসাহিত করব।

কাউন্সিল থেকে আপনার জন্য সমর্থন

আমরা আপনাকে আশ্বস্ত করতে চাই যে, যদি নাম পরিবর্তন এগিয়ে যায়:

- হ্যারিঙে কাউন্সিল আপনার পক্ষ থেকে যতবেশি সম্ভব সংস্থাকে অবহিত করবে
- আপনার পোস্টকোড এবং ঘরের নাম্বার পরিবর্তিত হবে না
- সড়কের নামকরণ এবং নম্বর প্রদানকরনের একটি আনুষ্ঠানিক দলিল প্রদান করা হবে
- নাম পরিবর্তন প্রক্রিয়ার সময় কাউন্সিল ব্যবহারিক সহায়তা এবং সহায়তা প্রদান করবে
- রাস্তার নাম পরিবর্তন কোন বাসিন্দার ইমিগ্রেশন (অভিবাসন) মর্যাদাকে প্রভাবিত করবে না
- পরিবার/সংস্থাতাদেরকে অসুবিধার জন্য একটি 'স্বেচ্ছামূলক পয়সা' প্রদান করা হবে

নাম পরিবর্তনের কারণজনিত কোন অসুবিধার জন্য আমরা প্রতি পরিবার/সংস্থাকে প্রায় £300 স্বেচ্ছামূলক পয়সা পরিশোধ করার কথা বিবেচনা করছি। আমরা আশা করি যে সংখ্যাগরিষ্ঠের জন্য সমতুল্য সময় এবং ব্যয় অবদান, যদি সবগুলোর ক্ষেত্রে নয়, পরিবার/সংস্থা উল্লেখযোগ্যভাবে এর চেয়ে কম হবে। যদি এই অর্থ প্রদানের বিষয়ে আপনার কোন মতামত থাকে অথবা অন্যান্য সহায়তা প্রয়োজন হয়, তাহলে, অনুগ্রহ করে আপনার কনসালটেশন সাড়াতে সেই মন্তব্যগুলি অন্তর্ভুক্ত করুন।

ব্ল্যাক বয় লেইনের নাম পরিবর্তন কেন?

হ্যারিঙে কাউন্সিল বিশ্বাস করে যে আমাদের স্মৃতিস্তম্ভ, ভবন, স্থান এবং রাস্তার নামগুলো অবশ্যই সেসব মূল্যবোধ এবং বৈচিত্র্যের প্রতিফলন ঘটাতে হবে যেগুলোর ব্যাপারে আমাদের বারাতে খুবই গর্বিত। সময়ের সাথে সাথে অর্থ পরিবর্তিত হয়, এবং আজকাল "ব্ল্যাক বয়" (কালো বালক) শব্দটি আফ্রিকীয় উৎসের পুরুষদের একটি অবমাননাকর নাম হিসেবে খুব বেশি ব্যবহৃত হয়। সত্য হচ্ছে, যদি আমরা এখন রাস্তার নামকরণ করতাম, তাহলে আমরা এটাকে "ব্ল্যাক বয়" লেইন নাম দিতাম না, এবং এক শতাব্দীরও বেশি সময় আগে এটির নামকরণের পিছনের ঐতিহাসিক যেসব কারণই থাকুক না কেনো, একটি সম্প্রদায় হিসেবে, একটি সমাজ হিসেবে, আমাদের জিজ্ঞেস করতে হবে যে এটি এখনও একটি যথাযথ রাস্তার নাম কিনা।

Haringey LONDON

বৈষম্য মোকাবেলা এবং আমাদের বরোর সমৃদ্ধ বৈচিত্র্য উদযাপন উভয় ক্ষেত্রে পদক্ষেপ নিতে কাউন্সিল প্রতিশ্রুতিবদ্ধ। যদিও আমরা স্বীকার করছি যে, যদি রাস্তার নাম পরিবর্তন করা হয় তাহলে কিছু অসুবিধা হবে, এটা অবশ্যই আমাদের সম্প্রদায়ের মধ্যে যারা কাউন্সিলকে নাম পর্যালোচনা করার আহ্বান জানিয়েছেন তাদের উপর প্রভাবের বিপরীতে এই অসুবিধার একটা ভারসাম্য বজায় রাখতে হবে।

যদিও আমরা বুঝি যে এটি সবার জন্য একটি কঠিন সময়, এবং এই ধরনের একটি কনসালটেশনের সাড়া দেওয়া আরো চ্যালেঞ্জিং হতে পারে, আমরা বিশ্বাস করি যে, আগের যেকোন সময়ের বিচারে, এখন আমাদের বারার বৈচিত্র্যের সমর্থনে একটি পরিষ্কার বার্তা পাঠানোর চেষ্টা আমাদের করা উচিত।

আন্তরিক শুভেচ্ছা

রব ক্রেজিজোস্কি (Rob Krzyszowski)

অন্তর্বর্তীকালীন সহকারী পরিচালক, প্লানিং, বিল্ডিং স্ট্যান্ডার্ডস এবং সাসটেইনিবিলিটি

কনসালটেশনে সাড়া দিন অথবা আমাদের সাথে যোগাযোগ করুন

ওয়েবসাইট	www.haringey.gov.uk/renaming-black-boy-lane
ইমেইল	bblconsultation@haringey.gov.uk
টেলিফোন	0208 489 3797
পোস্ট	কনসালটেশন কো-অর্ডিনেটর (সলা-পরামর্শ সমন্বয়কারী), The Communications Team, Haringey Council, River Park House, 225 High Road, Wood Green, London, N22 8HQ *আপনার যদি প্রয়োজন হয় তাহলে ঐ ব্যাপারে সহায়তা করার জন্য একটি ফ্রিপোস্ট খাম সংযুক্ত করা হয়েছে।*
ভার্চুয়াল মিটিং	সামাজিক বিচ্ছিন্নতার আবশ্যকীয়তাগুলোর কারণে, 23 জানুয়ারি 2021 তারিখ, শনিবার, সকাল সাড়ে 11:30 মাইক্রোসফট টিমের মাধ্যমে একটি 'ভার্চুয়াল' অনলাইন এনগেজমেন্ট মিটিং অনুষ্ঠিত হবে। এর ফলে বাসিন্দা/সংস্থাগুলি কাউন্সিল অফিসারদেরকে যেকোন প্রশ্ন করতে পারবেন। যারা এই সভায় যোগ দিতে চান, অংশগ্রহণের জন্যে নাম তালিকাভুক্ত করার জন্যে তাদের উচিত bblconsultation@haringey.gov.uk ঠিকানায় ইমেইল করা।

প্রায়শঃই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (এফএকিউ)

প্রশ্ন: জন লা রোজ (John La Rose) কে?

উ: জন লা রোজের নামে ব্ল্যাক বয় লেনের নাম পরিবর্তন করে 'লা রোজ লেন' রাখার প্রস্তাব করা হয়েছে।

জন লা রোজ ছিলেন একজন প্রকাশক, কবি এবং প্রবন্ধকার। তিনি ক্যারিবিয়ান শিল্পী আন্দোলন এবং প্রকাশনা কোম্পানি নিউ বিকন বুকস প্রতিষ্ঠা করেন যা স্ট্রাউড গ্রীনে একটি বইয়ের দোকান আছে। 1975 সালে তিনি জর্জ প্যাডমোর সাপ্লিমেন্টারি স্কুলের ঘটনায় জড়িত অভিভাবকদের মূল থেকে ব্ল্যাক পেরেন্টস মুভমেন্ট প্রতিষ্ঠা করেন, যেখানে হ্যারিঙ্গিতে তার স্কুলের বাইরে এক কৃষ্ণাঙ্গ স্কুল ছাত্রকে পুলিশ মারধর করে।

www.haringey.gov.uk/renaming-black-boy-lane আমাদের ওয়েবপৃষ্ঠায় আরো বিস্তারিত জীবনী পাওয়া যাবে।

প্রশ্ন: এরপর কি হবে?

উত্তর: কনসালটেশন শেষ হবার পর, আমরা সাবধানে সমস্ত প্রতিক্রিয়া/সাড়াগুলো বিশ্লেষণ করব এবং কাউন্সিলের কর্পোরেট কমিটির কাছে একটি প্রতিবেদন প্রদান করা হবে যারা এই পরিবর্তনের ব্যাপারে এগিয়ে যাওয়া হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেবে। যদি নাম পরিবর্তনের ব্যাপারে সম্মতি হয়, তাহলে আমরা বাসিন্দা এবং সংস্থাগুলিকে অবহিত করব এবং 2021 সনে পরবর্তীতে উক্ত পরিবর্তনটি কার্যকর হওয়ার বেশ আগেই এর প্রভাবগুলো সম্পর্কে তাদেরকে আমরা আরো তথ্য এবং সমর্থন প্রদান করব। যদি নাম পরিবর্তনের ব্যাপারে সম্মতি হয়, তাহলে এই প্রক্রিয়াব্যাপী বাসিন্দা এবং সংগঠনগুলোকে সমর্থন করতে কাউন্সিল প্রতিশ্রুতিবদ্ধ।

প্রশ্ন: আমার পোস্টকোড এবং ঘরের নাম্বার কি পরিবর্তিত হবে?

উত্তর: না। রাস্তার জন্য ইউনিক স্ট্রিট রেফারেন্স নম্বর (ইউএসআরএন) একই থাকবে, যা অনেক সংস্থা ব্যবহার করে থাকে।

প্রশ্ন: আমাকে কি রাস্তার নাম পরিবর্তনের কথা রয়াল মেইলকে জানাতে হবে?

উত্তর: না। কাউন্সিল ঠিকানা পরিবর্তনের কথা রয়াল মেইলকে জানাবে। যেহেতু আপনার পোস্টকোড পরিবর্তিত হবে না, তাই রাস্তার নাম পরিবর্তন হলে তা রয়াল মেইলের মাধ্যমে পাঠানো কোন অক্ষর বা পার্সেলকে প্রভাবিত করা উচিত নয়। ইউটিলিটি কোম্পানিগুলো এবং অন্যান্যরা রয়াল মেইল থেকে ঠিকানার তালিকাসমূহ ক্রয় করে থাকে।

প্রশ্ন: আমার ঠিকানা পরিবর্তন সম্পর্কে আমাকে কোন সংস্থাকে জানাতে হবে? কাউন্সিল আমাকে কিভাবে সাহায্য করবে?

উত্তর: কাউন্সিল বাসিন্দাদের পক্ষ থেকে যতবেশি সম্ভব সংস্থাকে অবহিত করবে এবং ব্যবহারিক সাহায্য এবং সমর্থন প্রদান করবে, যদি এই পরিবর্তনের ব্যাপারে সম্মতি হয়, সংশ্লিষ্ট সংস্থার কাছে পাঠানোর জন্যে 'প্রো-ফর্মা' কাগজপত্র সহ।

বাসিন্দাদের মধ্য থেকেও একজন ব্যক্তি নির্ধারিত থাকবেন যার সাথে আপনি কথা বলতে পারেন যদি আপনি কোন অসুবিধার সম্মুখীন হন অথবা কোন বিশেষ সমর্থনের প্রয়োজন হয়।

অনেক সংস্থা জাতীয় ঠিকানা ডাটাবেস ব্যবহার করে এবং তাই আপনার বিবরণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকৃত হবে যদি তারা সাম্প্রতিক তথ্য ব্যবহার করে থাকে। সকল সরকারী সংস্থাকে এখন ঠিকানাবেস (জিওস্পেশাল কমিশন – ক্যাবিনেট অফিসের অংশ) ব্যবহার করতে হবে, কাউন্সিল নিশ্চিত করবে যেনো এটি স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকৃত হয়েছে।

যাইহোক, এরপরও আপনাকে কিছু সংস্থাকে নিজে জানাতে হবে।

আমরা নাম পরিবর্তনের আনুষ্ঠানিক আদেশের অনুলিপি প্রদান করব, যা নাম পরিবর্তনের প্রমাণ হবে। আমরা সংস্থাগুলির একটি বিস্তারিত চেকলিস্ট সংকলন অব্যাহত করব কিন্তু যেসব গুরুত্বপূর্ণ সংস্থাগুলোর কথা চিন্তা করতে হবে, আপনার পক্ষ থেকে কাউন্সিল যেগুলোর সাথে যোগাযোগ করবে সেগুলো সহ, তাদের মধ্যে রয়েছে:

- অনলাইন শপিং ইত্যাদির জন্য অ্যাকাউন্টের সাথে সংযুক্ত ঠিকানা
- ইউটিলিটি কোম্পানি যেমন ইন্টারনেট, টেলিফোন, বিদ্যুৎ, গ্যাস, পানি
- কাউন্সিল ট্যাক্স
- বিদ্যালয়/শিক্ষা
- নির্বাচনী সেবা
- চাকরি এবং কর্মসংস্থান/বেনিফিট
- ব্যাংক একাউন্ট
- মর্গেজ (বন্ধক)
- বীমা: বাড়ি, ঘরের জিনিসপাতি, গাড়ি, ইত্যাদি
- এনএইচএস/জিপি/হাসপাতাল/ফার্মেসি তথ্য
- হার ম্যাজিস্টিজ ল্যান্ড রেজিস্ট্রী (এইচএমএলআর)
- হার ম্যাজিস্টিজ রেভেন্যু এবং কাস্টমস (রাজস্ব ও কাস্টমস) (এইচএমআরসি)

Haringey LONDON

- ড্রাইভার ও ভেহিকল লাইসেন্সিং এজেন্সি (ডিভিএলএ)
- টেনেন্সি চুক্তি, আমানত চুক্তি ইত্যাদি
- উইল, রেজিস্ট্রার এবং অন্যান্য আইনি ডকুমেন্টেশন
- হোম অফিস/এইচএম পাসপোর্ট অফিস/ইমিগ্রেশন/ভিসা ডকুমেন্টেশন
- নিকট আত্মীয়সংক্রান্ত তথ্য
- সংস্থা/ব্যবসা/স্ব-নিযুক্ত - কোম্পানি হাউস, ওয়েবসাইট, স্টেশনারি, ব্যবসায়িক অ্যাকাউন্ট, ইনভয়েস, চুক্তি

প্রশ্ন: বিভিন্ন সংস্থার সাথে আমার তথ্য হালনাগাদ তথা আপডেট করা বাবদ খরচের জন্য কাউন্সিল কি আমাকে ক্ষতিপূরণ দেবে?

উত্তর: নাম পরিবর্তনের কারণজনিত কোন অসুবিধার জন্য আমরা প্রতি পরিবার/সংস্থাকে প্রায় £300 স্বেচ্ছামূলক পয়সা পরিশোধ করার কথা বিবেচনা করছি। আমরা আশা করি যে সংখ্যাগরিষ্ঠের জন্য সমতুল্য সময় এবং ব্যয় অবদান, যদি সবগুলোর ক্ষেত্রে নয়, পরিবার/সংস্থা উল্লেখযোগ্যভাবে এর চেয়ে কম হবে।

এই পয়সার পরিমাণটি এখনো চূড়ান্ত হয়নি, তাই অর্থ প্রদানের বিষয়ে যদি আপনার কোন মতামত থাকে অথবা অন্যান্য সহায়তা প্রয়োজন হয়, তাহলে, অনুগ্রহ করে আপনার কনসালটেশন সাড়াতে সেই মন্তব্যগুলি অন্তর্ভুক্ত করুন।

প্র: নতুন রাস্তার নামের প্লেইট (ফলক) থাকবে কী?

উত্তর: হ্যাঁ, কাউন্সিল রাস্তার নামের প্লেইট সরবরাহ করবে, যদি এই পরিবর্তন অনুমোদন করা হয় তাহলে নতুন নাম দেখাবে। কাউন্সিল এই পরিবর্তন সম্পর্কে ট্রান্সপোর্ট ফর লন্ডনকে জানাবে এবং টিএফএল নিকটবর্তী বাস স্টপ সহ তাদের সমস্ত প্রাসঙ্গিক তথ্য আপডেট করার জন্য দায়ী থাকবে।

প্রশ্ন: এটা কি আমার রেসিডেন্সি, ইমিগ্রেশন স্ট্যাটাস বা ইউকে ভিসাকে প্রভাবিত করবে?

উত্তর: যে পর্যায়ে রাস্তার নামের কোন পরিবর্তন কার্যকর হয়, আপনি যদি পূর্বে আবেদন করে থাকেন অথবা ইউকে ভিসার জন্য আবেদন করার প্রক্রিয়ায় থাকেন, তাহলে আপনার আবেদনের অংশ হিসেবে আপনার ঠিকানা আপডেট করার প্রয়োজন হতে পারে। হ্যারিঙে কাউন্সিল আপনার সম্পর্কিত তথ্যাবলী আপডেট (হালনাগাদ) করার সময় পরিবর্তনের আনুষ্ঠানিক প্রমাণ হিসেবে একটি রাস্তার নামকরণ এবং সংখ্যা প্রদান আদেশ প্রদান করবে, এবং এটি করার ব্যাপারে আর কোন ব্যবহারিক সাহায্যের প্রয়োজন হলে সেগুলো দিবে। এটা অনলাইনে করা যাবে এবং এতে কোন খরচ নেই।

প্রশ্ন: আপনারা কেন আরেকটি কনসালটেশন করছেন?

উত্তর: আগের কনসালটেশনে ব্ল্যাক বয় লেইনের বাসিন্দাদের দুটি নতুন রাস্তার নাম – লা রোজ লেইন এবং জোসেলিন ব্যারো লেইনের মধ্যে সাময়িকভাবে বেছে নিতে বলা হয়েছিলো। যেহেতু বাসিন্দারা লা রোজ লেইনকে বেছে নিয়েছেন, তাই এই নামটি পরবর্তী ধাপে নেওয়া হয়েছে।

এই কনসালটেশন লন্ডন বিল্ডিং অ্যাক্ট (সংশোধনী) আইন 1939 এর দ্বিতীয় খণ্ডের 6 নং ধারায় সংবিধিবদ্ধ আবশ্যকীয় এবং যেখানে বাসিন্দারা ব্ল্যাক বয় লেইনের নাম পরিবর্তন করে লা রোজ লেইন করার ব্যাপারে প্রস্তাবে আপত্তি বা সমর্থন করতে পারেন। রাস্তার নাম পরিবর্তন করা হবে কিনা সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে কাউন্সিলকে অবশ্যই প্রাপ্ত আপত্তি বা সমর্থনগুলো বিবেচনা করতে হবে।

Haringey LONDON

লন্ডন বিল্ডিংস অ্যাক্ট (সংশোধনী) আইন 1939 এর খণ্ড-2 ধারা 6 এর অধীনে রাস্তার নামকরণের আদেশ প্রদানের উদ্দেশ্যের বিজ্ঞপ্তি

লন্ডন বারা অফ হ্যারিঙে
লন্ডন বিল্ডিংস অ্যাক্ট (সংশোধনী) আইন 1939 এর খণ্ড-2 ধারা 6 এর অধীনে রাস্তার নামকরণ

এইমর্মে বিজ্ঞপ্তি (নোটিশ) প্রদান করা হচ্ছে যে লন্ডন বারা অফ হ্যারিঙে ("কাউন্সিল"), লন্ডন বিল্ডিংস অ্যাক্ট (সংশোধনী) আইন 1939 এর দ্বিতীয় খণ্ড 6 ধারা অনুযায়ী, নিচের সিডিউলে (বিবরণী) বর্ণিত মোতাবেক লা রোজ লেইন নাম দ্বারা ব্ল্যাক বয় লেইনের নাম প্রতিস্থাপন করার এই আদেশ দিতে চায়।

যেকোন ব্যক্তি, যার এই আদেশের ব্যাপারে কোনো আপত্তি রয়েছে, ইচ্ছে করলে 19 ফেব্রুয়ারি 2021 তারিখের মধ্যে কাউন্সিলের বরাবরে আদেশটির ব্যাপারে উনার আপত্তি কি তা উল্লেখ করে কনসালটেশন কো-অর্ডিনেটর (সলা-পরামর্শ সমন্বয়কারী), The Communications Team, Haringey Council, River Park House, 225 High Road, Wood Green, London, N22 8HQ ঠিকানায় অথবা www.haringey.gov.uk/renaming-black-boy-lane এর মাধ্যমে চিঠি লিখতে পারবেন অথবা bblconsultation@haringey.gov.uk ঠিকানায় ইমেইল পাঠাতে পারবেন।

তারিখ: 15 জানুয়ারি 2021

রাস্তার বর্ণনা ও অবস্থান: ব্ল্যাক বয় লেইন; ওয়েস্ট গ্রীন রোড (West Green) এবং সেইন্ট অ্যান'স রোডের (St Ann's Road) মধ্যে
মানচিত্রে রেফারেন্স এবং রঙ: মানচিত্রে রঙিন লাল
প্রস্তাবিত নাম: লা রোজ লেইন

Stephen Lawrence-Orumwense (Head of Legal Services (Social Care & Contracts) and Deputy Monitoring Officer) for and on behalf of John Jones Head of Legal and Governance (Monitoring Officer), Haringey Council Legal Services Alexandra House,10 Station Road, Wood Green, London N22 7TR



© Crown copyright London Borough of Haringey
OS Licence Number 100019199 2021